মেহেরপুরের আমঝুপিতে লিংকেজ শেয়ারিং সভা

প্রান্তিক জনগোষ্ঠীর উন্নয়ন ও সরকারি সেবার সাথে সংযোগ স্থাপনের লক্ষ্যে মেহেরপুরের আমঝুপিতে লিংকেজ শেয়ারিং সভা অনুষ্ঠিত হয়েছে।

বুধবার (২৫ ফেব্রুয়ারি) সকাল ১০টায় মানব উন্নয়ন কেন্দ্র (মউক)-এর আয়োজনে এবং এএলআরডি’র সহযোগিতায় মউকের হলরুমে এ সভা অনুষ্ঠিত হয়।

সভায় সভাপতিত্ব করেন মউকের নির্বাহী প্রধান আশাদুজ্জামান সেলিম। প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন মেহেরপুর সদর উপজেলা উপসহকারী কৃষি কর্মকর্তা এস.এম আবু সালেহ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মউকের সালিশ প্রোগ্রামের প্রোগ্রাম অফিসার মোঃ গোলাম আম্বিয়া।

সভায় বক্তারা সরকারি সেবা প্রাপ্তির ক্ষেত্রে নারীদের বঞ্চিত হওয়ার বিষয়টি তুলে ধরেন। মোছাঃ তাসলিমা খাতুন, সাবিত্রী দাস ও মোছাঃ সাহেরা খাতুনসহ উপস্থিত অনেকে তাদের অভিজ্ঞতা ভাগ করেন। এছাড়া গ্রামীণ পর্যায়ে প্রান্তিক নারীদের উৎপাদনমুখী উন্নয়নের বিষয়ে আলোচনা হয়।

সভায় আমঝুপি ও বারাদী ইউনিয়নের ৩২ জন প্রান্তিক কৃষক অংশ নেন। সভার সঞ্চালনা করেন জনসমবায় দলের উন্নয়ন কর্মী মোঃ শাহিনুর হোসেন।